

QP Code: 22/PT/1/VIII

স্নাতকোত্তর পাঠক্রম ( P.G. )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা ( Bengali )

অষ্টম পত্র (8th Paper : SWANIRVAR ANUSHILON (GABESANA  
PADDHATI, ANUBAD O SAHITYAMULYA BICHAR) )

সময় : চার ঘন্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.**

**The figures in the margin indicate full marks.**

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) সাহিত্যরসপিপাসু পাঠকের কাছে অনুবাদসাহিত্য পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করুন।
- খ) Target Language কাকে বলে ? Source Language কী ? অনুবাদের সময় target ও source language-সহ অন্যান্য ক্ষেত্রে অনুবাদকের দক্ষতা বিষয়ে আলোচনা করুন। ২ + ২ + ১৪
- গ) বিশ্বভারতী গ্রন্থনবিভাগ থেকে রবীন্দ্ররচনাবলী সুলভ সংস্করণের চতুর্থ খন্ড প্রকাশিত হয়েছে ( প্রকাশস্থান-কলকাতা ) ভাদ্র ১৩৯৪-এ। যদি এই গ্রন্থের ১০৫-তম পৃষ্ঠায় 'কল্পনা' কাব্যগ্রন্থের 'দুঃসময়' কবিতার একটি স্তবক আপনি নিজস্ব গবেষণাকর্মে ব্যবহার করেন, সেক্ষেত্রে এই তথ্য টীকা এবং গ্রন্থপঞ্জিতে আপনি কীভাবে সন্নিবিষ্ট করবেন ? টীকাকরণের ক্ষেত্রে কখন ও কেন উৎস-পরিচায়ক তথ্য সংক্ষেপের সুযোগ থাকে ? 'উচ্চশিক্ষার ক্ষেত্রে গবেষণা অপরিহার্য' — মন্তব্যটির সত্যতা যাচাই করুন।

৪ + ৩ + ৩ + ৮

PG/TE-2173

[ Turn over

ঘ) সাহিত্যের যে-কোনো একটি বিষয় নির্বাচন করে আপনার গবেষণাকর্মের অন্তর্ভুক্ত নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি ক্রমান্বয়ে আলোচনা করুন :

অ) বিশেষ বিষয়টি নির্বাচনের কারণ,

আ) কীভাবে আপনি সেই বিষয়ে তথ্য সংগ্রহ করবেন,

ই) মুখ্য ও গৌণ উৎস হিসেবে কোন্‌গুলি ব্যবহৃত হবে,

ঈ) সংগৃহীত তথ্যের বিশ্লেষণ কীভাবে করবেন,

উ) অধ্যায় সংখ্যা ও শিরোনাম,

ঊ) গবেষণাপত্র রচনা পদ্ধতি ।

৩ + ২ + ৫ + ২ + ২ + ৪

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) :

১২ × ৩ = ৩৬

ক) গবেষণাপত্রের ‘ভূমিকা’ অংশে সেই গবেষণার মৌলিক উৎকর্ষ এবং সীমাবদ্ধতার উল্লেখ থাকা কি বাঞ্ছনীয় ? উদাহরণসহ আপনার মন্তব্যের পক্ষে যুক্তি সাজান ।

৩ + ৩ + ৬

খ) কৃত্রিম অনুবাদ কাকে বলে ? মূলানুগ ও কৃত্রিম অনুবাদের পার্থক্য নির্দেশ করুন ।  
কৃত্রিম অনুবাদ পাঠের যৌক্তিকতা কোথায় ? ইন্ট্রালিঙ্গুয়াল এবং ইন্টারলিঙ্গুয়াল ট্রান্সলেশন বলতে কী বোঝেন ?

৪ + ৪ + ২ + ২

গ) ‘Research involves, specifically, an investigation into a particular matter of problem.’ — কার উক্তি ? উক্তিটির যাথার্থ্য বিশ্লেষণ করুন ।

১ + ১১

ঘ) অনুবাদ ( translation ) কীভাবে অনুসৃষ্টি ( transcreation ) হয়ে ওঠে, উদাহরণসহ ব্যাখ্যা করুন ।

ঙ) গবেষণার বিষয় নির্বাচনের ক্ষেত্রে কোন্‌ বিষয়গুলি কেন গুরুত্বপূর্ণ, যৌক্তিক পারম্পর্যে আলোচনা করুন ।

চ) অনুবাদ করুন : ৬ + ৬

অ) বাংলা থেকে ইংরেজি :

আমি স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী । আজ আমাদের অষ্টম পত্রের পরীক্ষা । একশ' নম্বরের এই পরীক্ষার জন্য নির্ধারিত সময় চার ঘন্টা । সময় খুব কম । তিন ঘন্টা ধরে লিখে চলেছি । আশা করি, ফলাফল ভালোই হবে ।

আ) ইংরেজি থেকে বাংলা :

There are endless stories of human trafficking rescues — of women, girls and a handful of minor boys sold into brothels, construction sites and even middle-class homes — flooding our news feed everyday but the stories of struggle after they manage to escape the clutches of their traffickers remains largely untold.

৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮

ক) গবেষণাকর্মের ক্ষেত্রে কোন্ প্রকার টীকাকরণ পাঠকের পাঠের ক্ষেত্রে অধিকতর সুবিধাজনক, যুক্তিসহ আলোচনা করুন ।

খ) স্রষ্টা যেখানে নিজেই অনুবাদক, সেখানে তাঁর সেই অনুবাদ কোনো একটি গবেষণাকর্মের ক্ষেত্রে কতখানি গুরুত্বপূর্ণ ?

গ) টীকা লিখুন :

প্রশ্নসজ্জায় ফানেল পদ্ধতি ।

ঘ) 'প্রশ্নপত্রে দ্ব্যর্থবোধক শব্দ ব্যবহার আবশ্যিক' — মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে আপনার যুক্তি সাজান ।

ঙ) গবেষণাপত্রের লিখনশৈলীর ক্ষেত্রে কোন্ বিষয়গুলি গুরুত্বপূর্ণ, আলোচনা করুন ।

চ) 'বাংলা 'গীতাঞ্জলি' কাব্যেরই ইংরেজি অনুবাদ 'Song Offerings' " — উক্তিটির সত্যতা যাচাই করুন ।

- ছ) ধরা যাক, কোনো গবেষক রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতাটি নিয়ে গবেষণারত ।  
সংশ্লেষে, গবেষণাপত্রের মুখ্য উৎস হিসেবে গবেষক কোন্ কোন্ তথ্য সংগ্রহ  
করবেন ?

অথবা

গবেষণা-প্রস্তাব সূত্রবদ্ধ করার জন্য ICSSR নির্দেশিকা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা  
করুন ।

- জ) গবেষণাপত্রে কোন্ ধরনের উৎস ব্যবহারে ব্যক্তি নাম অনুল্লিখিত থাকে, উদাহরণসহ  
আলোচনা করুন ।

=====